# বাংলাদেশ কৃষি ব্যাংক
## প্রধান কার্যালয়, ঢাকা।
### হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট- ২

প্রশাসন পরিপত্র নং- ০৮/২০১৫

তারিখ ঃ ১৫-০৩-১৪২২ বঙ্গাব্দ / ২৯-০৬-২০১৫ খ্রিষ্টাব্দ

**বিষয় ঃ ২০১৩-২০১৪ অর্থ বছরে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ১ (এক) মাসের মূলবেতনের সমপরিমাণ অর্থ এক্সগ্রেসিয়া হিসেবে প্রদান।**

শিরোনামে বর্ণিত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বিশেষায়িত ব্যাংক -১ অধিশাখা-এর ২৯-০৬-২০১৫ খ্রিঃ তারিখের ৫৩.০০.০০০০.৩২১.১৮.০০২.১৫-১৭১ নম্বর পত্রটি সকলের অবগতির জন্য অপর পৃষ্ঠায় হুবহু মুদ্রণ করা হলো।

০২। উপর্যুক্ত পত্রের মাধ্যমে অত্র ব্যাংকের সকল স্থায়ী কর্মকর্তা/কর্মচারীগণকে **৩০ জুন, ২০১৪ তারিখে আহরিত বা প্রাপ্য মূলবেতনের** ভিত্তিতে এক মাসের মূলবেতনের সমপরিমাণ অর্থ এক্সগ্রেসিয়া হিসেবে প্রদানের সরকারী অনুমোদন জ্ঞাপন করা হয়েছে, যার প্রেক্ষিতে অবিলম্বে উক্ত এক্সগ্রেসিয়া প্রদান করতে হবে।

০৩। উক্ত অর্থ প্রদানের বিষয়ে প্রশাসন পরিপত্র নং ১৭/৯৬ এর শর্তাবলী প্রযোজ্য হবে। এ ছাড়া অস্থায়ী ভিত্তিতে নিযুক্ত গুদাম কর্মচারীগণকে প্রশাসন পরিপত্র নং ১৭/৯৭ এর নির্দেশ পরিপালন সাপেক্ষে উক্ত অর্থ প্রদান করা যাবে।

আদেশক্রমে,

(এ, আর, মামুন)
উপ-মহাব্যবস্থাপক
ফোন: ৯৫৫৬৯১১

বিতরণ:

০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক, বিকেবি।
০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা/সকল উপ-মহাব্যবস্থাপক, অন্যান্য কর্পোরেট শাখা, বিকেবি।
০৩। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি।
০৪। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি।
০৫। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি।

নং প্রকা/এইচআরএমডি-২/১৬(১)/২০১৪-২০১৫/২৬৭৮(১২৫০)

তারিখ ঃ ১৫-০৩-১৪২২ বঙ্গাব্দ / ২৯-০৬-২০১৫ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপকের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সচিব/ অধ্যক্ষ, স্টাফ কলেজ, বিকেবি প্রধান কার্যালয়, ঢাকা/ স্থানীয় মুখ্য কার্যালয়, বিকেবি (পরিপত্রখানা ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো)।

২৯.০৬.১৫

( মোঃ মিজানুর রহমান )
সহকারী মহাব্যবস্থাপক

অপরপৃষ্ঠা দ্রষ্টব্য

মহাব্যবস্থাপক (প্রশাসন) এর দপ্তর
নং............ তারিখ............
ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
বিশেষায়িত ব্যাংক-১ অধিশাখা

নম্বর-৫৩.০০.০০০০.৩২১.১৮.০০২.১৫-১৭১

তারিখঃ ১৫ আষাঢ়, ১৪২২
২৯ জুন, ২০১৫।

**বিষয়ঃ বাংলাদেশ কৃষি ব্যাংক এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের ২০১৩-২০১৪ অর্থ বছরের জন্য ১(এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ এক্সগ্রেশিয়া হিসেবে প্রদান।**

সূত্রঃ (১) রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের পত্র নম্বরঃ বিবেচ্য পত্রঃ(১) নম্বর- প্রকা/পস-১(৪)/২০১৪-২০১৫/১৩৯ তারিখ ২[illegible]
(২) বাংলাদেশ কৃষি ব্যাংকের পত্র নম্বরঃ প্রকা/হিসাব-১/(বিএস)১৪(৪০)/২০১৪-১৫/১[illegible]২৫ তারিখ ১২-০৪-২০১[illegible]

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রদ্বয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কৃষি ব্যাংক(বিকেবি) এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের (রাকাব) কর্মকর্তা/কর্মচারীদের কর্মস্পৃহা বজায় রাখা এবং স্বল্প বেতনভুক্ত কর্মকর্তা/কর্মচারীদের অর্থনৈতিক দিক বিবেচনা করে একান্ত মানবিক কারণে ব্যাংক দু'টির আবেদনের প্রেক্ষিতে উক্ত ব্যাংকদ্বয়ের কর্মকর্তা/কর্মচারীদের ২০১৩-২০১৪ অর্থ বছরের জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ০১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ এক্সগ্রেশিয়া হিসেবে প্রদানে সরকারী অনুমোদন জ্ঞাপন করা হ'লঃ

(ক) এ বাবদ যাবতীয় ব্যয় সংশ্লিষ্ট ব্যাংকের ২০১৩-২০১৪ অর্থ বছরের নিজস্ব বাজেট বরাদ্দ হতে নির্বাহ করতে হবে;

(খ) অনুমোদিত এক্সগ্রেশিয়া শুধুমাত্র বাংলাদেশ কৃষি ব্যাংক এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক-এর স্থায়ী ও ২০১৩-২০১৪ অর্থ বছরে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রযোজ্য হবে;

(গ) বাংলাদেশ কৃষি ব্যাংক এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক-এর যে সকল কর্মকর্তা/কর্মচারী ২০১৩-২০১৪ অর্থ বছরে প্রেষণে সরকারি দপ্তরে/রাষ্ট্র মালিকানাধীন অপর ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে নিয়োজিত ছিলেন কিন্তু বিকেবি/রাকাব হতে বেতন-ভাতাদি প্রাপ্ত হতেন তাদের জন্যও বর্ণিত আর্থিক সুবিধা প্রযোজ্য হবে। তবে অন্য কোন প্রতিষ্ঠানের যে সকল কর্মকর্তা/কর্মচারী বর্ণিত অর্থবছরে প্রেষণে বিকেবি/রাকাব-এ কর্মরত ছিলেন কিন্তু তাদের নিজ নিজ মূল প্রতিষ্ঠান হতে বেতন-ভাতা প্রাপ্ত হতেন তাদের জন্য এ আদেশ কার্যকর হবে না;

(ঘ) উল্লেখিত এক্সগ্রেশিয়া ৩০ জুন, ২০১৪ তারিখে আহরিত বা প্রাপ্য মূল বেতনের ভিত্তিতে প্রদান করতে হবে;

(ঙ) ব্যাংকের লোকসান হ্রাস করে মুনাফা অর্জনের সর্বাত্মক পদক্ষেপ গ্রহণ করতে হবে।

(সৈয়দা নুরুন নাহার)
যুগ্ম-সচিব
ফোনঃ ৯৫৭৪০১০

বিতরণঃ

১। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, রাজশাহী।

সদয় জ্ঞাতার্থেঃ

[illegible] একান্ত সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।

(সৈয়দা নুরুন নাহার)
যুগ্ম-সচিব